



Ref: সার্কুলার নং - বিজিএ/সিএমসি/২০২০/

তারিখ: ০৯ মে ২০২০

বিজিএইএ'র সম্মানিত সদস্যগণের অবগতির জন্য

প্রিয় মহোদয়,

কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলঃ

১। শ্রম মন্ত্রণালয়ের উদ্যোগে IBC (ইন্ডাস্ট্রিয়াল, বাংলাদেশ), TUC (ট্রেড ইউনিয়ন কেন্দ্র) এবং অন্যান্য শ্রমিক ফেডারেশনের সাথে সভার সিদ্ধান্ত মোতাবেক শ্রমিকরা এপ্রিল মাসে যে কয়দিন কাজ করেছেন, তারা সে কয়দিনের ১০০% মজুরী পাবেন। যারা এপ্রিল মাসে যে কয়দিন কাজ করেননি, তারা সে কয়দিনের জন্য ৬০% মজুরী পাবেন। এপ্রিল মাসের অতিরিক্ত ৫% মজুরী মে মাসের মজুরীর সাথে সমন্বয় করা হবে।

২। ঈদের মাসে (মে মাস) কোন শ্রমিক ছাঁটাই না করার জন্য অনুরোধ করা যাচ্ছে। যদি কোন কারণে কারখানা বন্ধ করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে আগে কলকারখানা অধিদপ্তর / আইনশৃঙ্খলা বাহিনী / বিজিএমইএ'র সাথে আলাপ করে শ্রম আইন মোতাবেক শ্রমিকের প্রাপ্য প্রদান সাপেক্ষে পদক্ষেপ নেয়া যাবে।

৩। কারখানার শ্রম অসন্তোষ এড়ানোর জন্য অথবা সামান্যতম শ্রম অসন্তোষ সংঘটিত হওয়ার সম্ভাবনা থাকলে সেক্ষেত্রে কারখানার মালিকপক্ষ স্বশরীরে কারখানায় উপস্থিত থেকে অথবা উর্ধ্বতন কর্তৃপক্ষ (সিদ্ধান্ত প্রদানের ক্ষমতা প্রাপ্ত) স্বশরীরে কারখানায় থেকে কলকারখানা অধিদপ্তর/ আইনশৃঙ্খলা বাহিনী / বিজিএমইএ/ অন্যান্য সংস্থার সাথে সমন্বয় করে শ্রম অসন্তোষ নিরসন করতে হবে।

ধন্যবাদান্তে

কমোডর মোহাম্মদ আবদুর রাজ্জাক (অবঃ)

সচিব

বিজিএমইএ